# 2 0 1 8

## ELECTIVE BENGALI

Paper : 6.2

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

'অসমের বাংলা সাহিত্য' অথবা 'প্রতিবেশী সাহিত্য'-এর যে কোনো একটি থেকে উত্তর দাও

( অসমের বাংলা সাহিত্য )

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) গুণধরের বয়স কত ?

(খ) গুণধর ক্লাশ টেনের পরীক্ষায় কোন্ বিষয়ে হায়েস্ট মার্কস পেয়েছিল ?

(গ) গোপাল মাস্টার 'দু-পা-ওয়ালা গরু' বলতে কাদের বুঝিয়েছেন ?

(ঘ) ছন্দা কে ?

(ঙ) উজ্জ্বলের কোন্ জিনিসকে গুণধর 'মাথার মুকুট' বলেছে?

(চ) সুজিৎ চৌধুরীর ছোটোবেলা কোন্ গ্রামে কেটেছে?

(ছ) বাটা মাছকে স্থানীয় ভাষায় কী বলা হত?

(জ) ব্রজনাথ হাইস্কুলের খরচ-পত্র কারা চালাতেন?

(ঝ) সুজিৎ চৌধুরীর পিতা বিবাহের পর সিলেটে কার সঙ্গে ভাগ করে বাসা ভাড়া নিয়েছিলেন?

(ঞ) নীরদকুমার গুপ্তের স্বাধীনতা-বিষয়ক গ্রন্থটির নাম কী?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) ''আপনাকে কেউ ঘুমোতে বলে না?'' বক্তা কে? কাকে উদ্দেশ্য করে একথা বলা হয়েছে?

(খ) ''আমি মরে গেলে তোর কী হবে রে?'' বক্তা কে? যাকে উদ্দেশ্য করে বলেছেন, সেই শ্রোতা কী উত্তর দিয়েছিল?

(গ) কাছিমের ডিম এবং কাঠুয়ার ডিম দেখতে কেমন?

(ঘ) সুজিৎ চৌধুরী এবং তাঁর দাদার কোন্ দুটি বিশেষ খেলনা ছিল?

(ঙ) 'বন্দিবীর' এবং 'সিরাজের স্বপ্ন' নাটক দুটির নাট্যকার কারা?





৩। প্রশ্নানুযায়ী উত্তর দাও (যে কোনো চারটি) : ৫×৪=২০

(ক) ''সেদিন সেই পাগলের সঙ্গে গলা মিলিয়ে কাঁদতে বসেছিল গুণধর।'' প্রসঙ্গ নির্দেশ করে গুণধরের কান্নার তাৎপর্য ব্যাখ্যা করো।

(খ) টীকা লেখো : গোপাল মাস্টার।

(গ) পাড়ার ছেলেরা একটা কাগজে 'গাধা' লিখে গুণধরের পিঠে লাগিয়ে দিলে গুণধর কি করেছিল এবং এ-ঘটনায় গুণধরের বাবার প্রতিক্রিয়া কিরূপ হয়েছিল, বর্ণনা করো।

(ঘ) ''আমার একান্ত ব্যক্তিগত একটা বিনোদনের কথা বলি।'' 'হারানো দিন হারানো মানুষ' অবলম্বনে সুজিৎ চৌধুরীর শৈশবের এই বিনোদনের কথা সংক্ষেপে বিবৃত করো।

(ঙ) টীকা লেখো : সুজিৎ চৌধুরীর 'দিদিমণি'।

(চ) 'হারানো দিন হারানো মানুষ' গ্রন্থে ১৯৩২ সালের ২৬ জানুয়ারির মিছিলের যে বিবরণ তুলে ধরা হয়েছে তা সংক্ষেপে বর্ণনা করো এবং প্রসঙ্গত এই বিবরণ কোন্ গ্রন্থ থেকে তিনি গ্রহণ করেছেন তা উল্লেখ করো।

৪। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) গুণধরের বাবার চরিত্রটি বিশ্লেষণ করো।

(খ) '' 'গুণধরের অসুখ' নাটকে গুণধরের কাহিনির পাশাপাশি সমান্তরাল আর একটি কাহিনি প্রবাহিত হয়েছে উজ্জ্বল-পবিত্র-ছন্দাকে নিয়ে।'' সেই কাহিনির টুকরো ঘটনাগুলি সন্নিবিষ্ট করে চরিত্র তিনটির জীবনের সার্থকতা-ব্যর্থতা সম্পর্কে আলোচনা করো।

(গ) ''প্রথা-বহির্ভূত বিন্যাসে সাধারণ টুকরো টুকরো কাহিনির মধ্য দিয়ে 'গুণধরের অসুখ' নাটকটি আমাদের এই বিপন্ন সময়ের মুখোমুখি দাঁড় করিয়ে দেয়।'' 'গুণধরের অসুখ' নাটক অবলম্বনে আলোচনা করো।

(ঘ) 'গুণধরের অসুখ' নাটকটির ভাবনার সূত্রপাতে এবং নাটকটির ঘটনাবর্তে 'মা' অথবা মাতৃসমার একটি বৃহৎ ভূমিকা আছে। 'গুণধরের অসুখ' নাটকটি অবলম্বনে উক্তিটির যাথার্থ্য বিচার করো।

৫। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) 'হারানো দিন হারানো মানুষ' গ্রন্থের প্রথম পর্বের প্রধান উপজীব্য একটি প্রায় অবাস্তব স্বপ্নময় জগতে শিশুমনের বিচিত্র সব অনুভূতির বিকাশ ও অভিজ্ঞতা সঞ্চয়। উক্ত গ্রন্থে তোমার পাঠ্যতালিকাভুক্ত অধ্যায়গুলি অবলম্বনে উক্তিটির যাথার্থ্য বিচার করো।

(খ) সুজিৎ চৌধুরীর মায়ের চরিত্র-চিত্রণ করো।

(গ) ''এই গ্রন্থের সপ্তম অধ্যায়ের নাম 'মৎস্য-কূর্ম-দ্বৈতপুরাণ' ''—এই উক্তিটি অনুসরণ করে সুজিৎ চৌধুরীর বাড়ির বড়ো এবং ছোটো বিভিন্ন সদস্যদের মাছ ধরার বিচিত্র কৌশল ও কাহিনি বর্ণনা করো।

(ঘ) সুজিৎ চৌধুরীদের প্রতিবেশী হেডমাস্টারবাবুর চারিত্রিক বৈশিষ্ট্য বর্ণনা করো।





( প্রতিবেশী সাহিত্য )

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) 'লিগিরি' শব্দের অর্থ কী?

(খ) সুন্দর কোঁয়রের বয়স কত?

(গ) ''এদিন—তুমিও নিজেই তোমার এই নিজর রথরে চকার তলত পরি নিষ্পেষিত হ'বা।'' কাকে উদ্দেশ্য করে একথা বলা হয়েছে?

(ঘ) রেবতী কে?

(ঙ) ''কিছুমান ভুল নুশুধুরালে অপকার হয়। কিন্তু কিছুমান ভুল শুধরাবলৈ গ'লে ধ্বংস হয়।'' বক্তা কে?

(চ) 'হরকলা' বলে কাকে উল্লেখ করা হয়েছে?

(ছ) ''রাত দুপুর পর্যন্ত বাড়ির ভিতরে মেছোহাটার ন্যায় চেঁচামেচি শোনা যাইতে থাকে।'' এখানে কোন্ বাড়িটির উল্লেখ করা হয়েছে?

(জ) কর্তাবাবুর বাগানে শজিনা গাছের সংখ্যা কতগুলি?

(ঝ) ''গেল বৎসর সুনিয়াতে ধানের গোমস্তা যে খতিয়ান দাখিল করিয়াছিল .....।'' 'সুনিয়া' কী?

(ঞ) তাঁতিপাড়ার বর্তমান পরামাণিকের নাম কী?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) "তোমার মগজুত বহু আবর্জনাই ঠাই পাইছে, তাক উলিয়াবর ব্যবস্থা করা গৈ যোয়া।" বক্তা কে? তিনি কাকে একথা বলেছেন?

(খ) "বিশ্বজগতর সকলো তিরোতার গলিতে কি গৌরবর সেন্দূর সানি গলি!" বক্তা কে? কার উদ্দেশ্যে তিনি একথা বলেছেন?

(গ) 'কারেঙর লিগিরি' নাটক অনুসরণে দুজন নাগিনী-কন্যার নাম লেখো।

(ঘ) "সেই 'ছ মাণ আঠ গুন্ঠ' জমিতে কাল লাঙল যাবে তো?" বক্তা কে? কাকে এই প্রশ্ন করা হয়েছে?

(ঙ) গোবরা জেনা কে? তার ঘর কোথায়?

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) সপ্রসংগ ব্যাখ্যা করো :

"সামাজিক সম্বন্ধই সকলো বিধর জীবনর সুখ-দুখর নিয়ামক।"

(খ) 'কারেঙর লিগিরি' নাটকের 'প্রথম দর্শন'-এ সুন্দর কোঁয়রের শয়নকক্ষের যে বর্ণনা দেওয়া হয়েছে তা লিপিবদ্ধ করো।

(গ) "কারো সপোন কোনেও ভাঙিব নোয়ারে সপোন নফলিয়াই হে।" প্রসঙ্গ উল্লেখ করে বক্তার একথার তাৎপর্য বিশ্লেষণ করো।





(ঘ) বুড়ি মঙ্গলার মূর্তির পরিচয় দিয়ে তাঁর পূজার বর্ণনা দাও।

(ঙ) 'মঙ্গরাজের পরিজন' অংশ অবলম্বনে মঙ্গরাজের আপনজন ও পরিজনদের পরিচয় দিয়ে তাদের জীবন-যাত্রা সম্পর্কে নাতিদীর্ঘ আলোচনা করো।

(চ) 'উনিশ বিঘা দুই কাঠা'—(ছ মাণ আঠ গুন্ঠ)-য় উল্লিখিত আছে যে, "তাঁতিপাড়া গ্রাম হইলেও তাহাতে গ্রাম্য পশু নাই"। এর কারণ কী, আলোচনা করো।

৪। (ক) 'কারেঙর লিগিরি' নাটকে বপুরার চরিত্র বিশ্লেষণ করে নাটকে তার ভূমিকা কতখানি, ব্যাখ্যা করো। ১০

*অথবা*

(খ) 'কারেঙর লিগিরি' নাটকের নায়িকা কে—কাঞ্চনমতী না শেওয়ালি? তোমার অভিমত যুক্তি সহকারে প্রতিষ্ঠিত করো।

৫। (ক) " 'কারেঙর লিগিরি' নাটক সম্পর্কে বলা হয়েছে যে, এই নাটকে পশ্চিমী সাহিত্যের বাস্তবধর্মী, সমস্যামূলক, চিন্তাশীল নাটকের প্রভাব পড়েছে।" 'কারেঙর লিগিরি' নাটকটি অবলম্বনে মতামতটির যথার্থতা প্রতিপন্ন করো। ১০

*অথবা*

(খ) " 'কারেঙর লিগিরি' নাটকে বেশ কয়েকটি গান আছে।" নাটকে এই গানগুলির প্রয়োজন কতখানি, সে সম্পর্কে আলোচনা করো।

৬। (ক) 'উনিশ বিঘা দুই কাঠা' (ছ মাণ আঠ গুন্ঠ) গ্রন্থ অবলম্বনে মঙ্গরাজের চরিত্র বিশ্লেষণ করো। ১০

*অথবা*

(খ) চম্পার চরিত্র-চিত্রণ করো।

৭। (ক) 'উনিশ বিঘা দুই কাঠা' (ছ মাণ আঠ গুন্ঠ) গ্রন্থে 'গ্রামের অনাড়ম্বর নরনারীর সরল বিশ্বাস, সুখ-দুঃখ, করুণ রসের অবতারণা করে বর্ণিত হয়েছে',—'উনিশ বিঘা দুই কাঠা' গ্রন্থটি অবলম্বনে আলোচনা করো। ১০

*অথবা*

(খ) " 'ছ মাণ আঠ গুন্ঠ' পুস্তকটি কথ্য ভাষায় লিখিত হালকা হাস্যরসের ধারায় জীবন ও সমাজের প্রতি সরল ব্যঙ্গোক্তি মিশ্রিত কশাঘাতের নিদর্শন।" 'উনিশ বিঘা দুই কাঠা' গ্রন্থ অবলম্বনে উক্তিটি বিশ্লেষণ করো।

★ ★ ★